# বেতার জগৎ

· ORGAN OF THE CALCUTTA STATION ·

Vol. I. No 16. | 25th April, Friday, 1930. | One Anna.

১ বর্ষ, ১৬শ সংখ্যা ] | ২৫শে এপ্রিল, শুক্রবার ১৯৩০ ১২ই বৈশাখ, ১৩৩৬ | [ এক আনা

## ভারতে রেডিও

থাকিবে—তাহা হইলে ফিলিপ্‌স্‌ও থাকিবে। তাহারাই সারা জগতের [illegible]তার-বার্ত্তা আপনার গৃহদ্বারে বহন করিয়া লইয়া আসিবে।

ভারতবর্ষ সারা জগতের সঙ্গে সমান তালে চলিবে। রেডিও রহিয়া গেল সুতরাং ফিলিপস্‌ও রেডিও সংক্রান্ত সর্ব্বোত্তম মালপত্র সরবাহ করিবে। বেতারবার্ত্তা আরম্ভ হইতেই ফিলিপস্‌ অগ্রগামী হইয়াছে। ভবিষ্যতে যে স্ক্রিন্ গ্রিড রেডিও চলিবে একথা প্রথমে ফিলিপস্‌ই বুঝিতে পারিয়াছিল। আজ ফিলিপসের ২৮০২ নং এবং শর্ট ওয়েভ রিসিভারের দ্বারা স্ক্রিন্ গ্রিড্‌ রেডিওর চরম উৎকর্ষ হইয়াছে। ইলেক্‌ট্রিক বাতি জ্বালিবার জন্য যেমন সুইচ টিপিতে হয় তেমনই ইহার সুইচ টিপিতে হয়। ইহা ল্যাম্প্‌ বা পাওয়ার সকেটের মধ্যে এ, সি বা ডি, সি ইলেক্‌ট্রিক মেনে প্লাগের সাহায্যে চলিতে পারে। যে সকল দেশে ইলেট্রিকের ব্যবস্থা নাই সেখানে ব্যাটারীর সাহায্যে প্রোগ্রাম উপভোগ করা যাইবে। শুধু স্থানীয় বেতার বার্ত্তা নহে ইংলণ্ড, ইউরোপের নানাদেশ, আমেরিকার ও অষ্ট্রেলিয়া প্রভৃতি দূর দেশেরও বেতার অনুষ্ঠান উপভোগ করা চলিবে।

রেডিওর সাহায্যে কত সহজ উপায়ে কতখানি আনন্দ উপভোগ করিতে পারা যায় তাহা বুঝিতে পারিতেছেন কি ? ফিলিপসের ২৮০২ কয়েকদিনের জন্য ফ্রি ট্রায়ালে বাটীতে আনিয়া দেখুন। ইহা আপনার নিকট একটী সম্পূর্ণ নূতন জগত উন্মুক্ত করিবে। ফিলিপসের স্ক্রিন্ গ্রিডই চান। আপনি যেখান হইতে রেডিও সেট কিনিবেন তাঁহারা আগে আপনার বাড়ীতে বিনামূল্যে শুনাইবার ব্যবস্থা করিবেন।

PHILIPS RADIO

## PHILIPS 2802

### "সকলই বাতাসের উপর নির্ভর করে"

বিনামূল্যে ব্যবহার প্রণালী জানিতে হইলে কিম্বা বিশেষ বিবরণ এবং এই সংক্রান্ত পুস্তকাবলী পাইতে হইলে আপনার রেডিও ব্যবসারীর নিকট আবেদন করুন, অথবা

ক্ষমতাপ্রাপ্ত ফিলিপ্‌স্‌ রেডিও সরবরাহক ঃ—

দি রসা ইঞ্জিনীয়ারিং ওয়ার্কস্‌, লিমিটেড, কলিকাতা।

ব্রাঞ্চ—দিল্লী, লাহোর, করাচী, লক্ষ্ণৌ।

**PHILIPS ELECTRICAL Co. (INDIA) LIMITED.**

**1, GARSTINS PLACE, CALCUTTA.**

Tele : Cal. 3595.

TO LET

# আমাদের কথা

ভারত গবর্মেণ্টের হোম ডিপার্টমেণ্টের সদস্য স্যার ভূপেন্দ্রনাথ মিত্র সম্প্রতি কলিকাতায় এসেছিলেন। ভারতবর্ষে বেতার প্রতিষ্ঠানটী একেবারে ধ্বংসের হাত থেকে রক্ষা করবার জন্য স্যার ভূপেন্দ্রনাথ কতখানি চেষ্টা করেছিলেন সে কথা বোধ হয় আমাদের পাঠক পাঠিকারা এত শীঘ্র ভুলে যান-নি। এখানকার বেতার অনুষ্ঠানের সঙ্গে তাঁর নাম চিরদিনের জন্য গাঁথা হয়ে রয়ে গেল।

—

স্যর ভূপেন্দ্রনাথ একদিন আমাদের ঘোষণামন্দির পরিদর্শন করতে এসেছিলেন। সেদিন তিনি ঘোষণা মন্দিরে যা বলেছেন আপনারা তা শুনেছেন। এর মধ্যে একদিন তাঁর বিদায় অভিনন্দন উপলক্ষে গ্রাণ্ড হোটেলে একটি পার্টির ব্যবস্থা করা হয়েছিল। সেদিন এই উপলক্ষে বিকেল বেলা বেতারের একটি বিশেষ প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছিল।

—

আমাদের এবারকার অনুষ্ঠানের মধ্যে সর্ব্বাপেক্ষা উল্লেখযোগ্য বিষয় রবীন্দ্রনাথের 'গৃহপ্রবেশ' নাটকের অভিনয়। বাংলা দেশের শিক্ষিত সমাজের কাছে 'গৃহপ্রবেশ' অপরিচিত নয়। বহুদিন আগে অধুনালুপ্ত একখানি সাময়িক পত্রে 'মাসী' নামে রবীন্দ্রনাথের একখানি গল্প প্রকাশিত হয়েছিল। 'গৃহ-প্রবেশ' এই 'মাসী' গল্পটীরই নাটকীয় রূপ। কবি সহস্তে এর এই নাট্যরূপ দান করেছেন।

—

পাঠক পাঠিকাদের হয়ত এ কথাও স্মরণ আছে যে 'গৃহপ্রবেশ' নাটক কিছুদিন ধরে কলিকাতার আর্ট থিয়েটারে অভিনীত হয়েছিল। সে সময় 'গৃহ প্রবেশ' এক শ্রেণীর দর্শককে অত্যন্ত মুগ্ধ করেছিল বটে কিন্তু অধিকাংশ দর্শকই সে অভিনয় দেখে অত্যন্ত নিরাশ হয়েছিলেন। সেই জন্য বোধ হয় থিয়েটারের কর্তৃপক্ষের ইচ্ছা থাকা সত্বেও 'গৃহপ্রবেশ' বেশীদিন অভিনীত হয়-নি।

—

'গৃহপ্রবেশ' নাটক যে সাধারণ শ্রেণীর দর্শকের মনকে আকর্ষণ করতে পারে-নি তার প্রধান কারণ হচ্ছে যে এর মধ্যে ঘটনার বাহুল্য নাই। যাঁদের রসানুভূতি অত্যন্ত সূক্ষ্ম তাঁরা ছাড়া এর মর্ম্ম অন্য কেউ বুঝতে পারবেন না। আমাদের অ-দৃষ্ট বন্ধু বর্গের সূক্ষ্ম রসানুভূতির পরিচয় এর আগেও একাধিক-বার পেয়েছি বলেই 'গৃহ প্রবেশ' অভিনয় করতে আমরা সাহসী হয়েছি। এই অভিনয় তাঁদের মনোরঞ্জন করতে পারলে আমাদের শ্রম ও অর্থব্যয় সার্থক হয়েছে বলে মনে করব।

—

'গৃহ প্রবেশ' নাটকে যতীনের ভূমিকা অভিনয় করবেন বীরেন বাবু। বেতারের শ্রোতাদের কাছে বীরেন বাবুর পরিচয় বিশেষ কোরে দেবার প্রয়োজন হবে না। তাঁর অভিনয়-দক্ষতার পরিচয় ইতিপূর্ব্বে বহুবার আপনারা পেয়েছেন। হিমির ভূমিকা অভি-নয় করবেন বিখ্যাত অভিনেত্রী শ্রীমতী নীহারবালা। সাধারণ রঙ্গমঞ্চে নীহারবালাই হিমির ভূমিকা অভি-নয় করেছিলেন। রবীন্দ্রনাথের গান তাঁর চাইতে দরদ দিয়ে গাইতে পারেন এমন অভিনেত্রী বাংলার রঙ্গমঞ্চে আর একটিও নাই।

—

আগামী শুক্রবার ২রা মে তারিখে বেতার নাটুকে দল কর্ত্তৃক রায় বাহাদুর ভোলানাথ বন্দ্যো-পাধ্যায়ের ধর্ম্মমূলক নাটক 'মোহিনী' অভিনীত হবে। এই নাটকের অভিনয় ইতিপূর্ব্বে আমাদের ঘোষণা মন্দির হোয়ে গিয়েছে। সেই থেকে অনেকেই, বিশেষ কোরে মহিলারা এখানির পুনরভিনয়ের জন্য আমাদের কাছে অনুরোধ-পত্র প্রেরণ করছিলেন। এত দিন নানা কারণে এঁদের অনুরোধ পালন করা আমাদের দ্বারা সম্ভব হয়নি। এবারকার অভিনয় তাঁদের ভাল লাগলে আমরা অত্যন্ত আনন্দিত হব।

—

আমরা অত্যন্ত আহ্লাদের সঙ্গে জানাচ্ছি যে এবারের অনুষ্ঠানে ছোটদের বৈঠকে আমাদের অনেকগুলি ছোট ছোট বন্ধুর শুভাগমন হবে। আগামী মঙ্গলবার ২৯শে এপ্রিলের বৈঠকে কুমারী তিলোত্তমা সরকার, কুমারী মহামায়া বসু ও কুমারী অন্নপূর্ণা দেবী গোস্বামী গান গাইবেন। আগামী ৬ই মে মঙ্গলবারের বৈঠকে কুমারী গীতা মিত্র, কুমারী পুষ্পরাণী, কুমারী প্রিয়োত্তমা এবং কুমারী রেণুকা গান করবেন।

—

এবারকার অনুষ্ঠানে কতকগুলি নূতন শিল্পি গান গাইবেন এবং হাসির কথা বলবেন। এদের গান এবং কথা আপনাদের কি রকম লাগল তা জানালে আমরা বাধিত হব।

# ছোটদের বৈঠক

**Calcutta Station Calling**

**Good Evening Childern**

**GALPADADA SPEAKING—**

কি বলছিলাম। ছেলে মেয়েদের Analytical Mood এর কথা। এতদিন ভাঙ্‌বার জন্য গড়ছিল। এতদিন একভাবে মাতোয়ারা হচ্ছিল, আবার বয়সের সঙ্গে সে ভাব ভেঙে চুরে আর একটা ভাবে গড়ছিল আবার সেটা ভেঙে ফেলে আবার আর একটা ভাবে ভেসে যাচ্ছিল এখন এমন দিন এল তার বয়সে যে আর ভাবে ভাসে না, মানস রাজ্যের ভিতর একটা চিন্তার ধারা বাস্তবের সঙ্গে সব জিনিষ মিলিয়ে নিতে চায়। এখন বাছতে শিখেছে যা কখনও দেখেনি, যাহা কখনও শুনেনি তাহার উপর মনের খুব ভিতর ভিতর বাল্যের সেই অটুট, অমূল বিশ্বাস থাকলে সহজে নিতে চায় না, মনের সঙ্গে না মিল্‌লে, ভাল করে তার মনের মতন করে বুঝিয়ে না দিলে, তাতে অবিশ্বাস না করুক, সে শুনতে চায় না, জানতে চায় না। এখন জীবন্ত মানুষ চায় কিংম্বা মরেও যারা বেঁচে আছে, তাদের কথা শুনতে চায়, তাদের কীর্ত্তি, তাদের বীরত্ব তাদের জয়


## ব্যাটারীর প্রয়োজন নাই!



আপনার বাড়ীর মেন কারেণ্টের (২২০ ভোল্‌ট ডি-সি) সাহায্যেই এই সেট ব্যবহার করা চলিবে। রিসিভারের ভিতরেই লাউডস্‌পিকার বসান আছে। ইহার আওয়াজ অতি মিষ্ট ও স্বাভাবিক। কলিকাতা হইতে ৫০ মাইল দূরে বসিয়া ঘরের ভিতর মাত্র ১৫ ফিট এরিয়াল খাটাইয়া আপনি কলিকাতা স্‌টেশনের অনুষ্ঠানগুলি উপভোগ করিতে পারিবেন। ঘরের বাহিরে এরিয়াল খাটাইয়া ৫০০ মাইল দূর পর্য্যন্ত শোনা যাইতে পারে। রিসিভারের গায়েই সুইচ লাগান আছে। ইচ্ছা-মত সুইচ টিপিয়া সেট চালান বা বন্ধ করা যায়। ইহা দেখিতে অতি চমৎকার —এবং ইহা আপনার ঘরের শোভা বর্দ্ধন করিবে।

**মূল্য মাত্র ১৭৫৲**

কিনিবার খরচ ছাড়া ইহাতে আর কোন খরচ নাই। আজই এই সেট একটী কিনিয়া দেখুন।

আমাকে লিখিলেই বা ফোন করিলেই বিনা খরচায় আপনার বাড়ীতে গিয়া শুনাইয়া আসিব।

যে কোন প্রকারের সেট আমার কারখানায় মেরামত হয়।

রেডিও সেট সম্বন্ধে পরামর্শ আপনারা আমার নিকট সর্ব্বদাই পাইবেন।

## ডি, এন, জইকিম

## D. N. JOACHIM

ন্যাশন্যাল রেডিও ইনিষ্টিটিউট, ওয়াশিংটন ডি-সি দ্বারা অনুমোদিত।

**Endorsed by the National Radio Institute, Washingtion D. C.**

ফোন—কলিকাতা ৪০৯২ ৫৮।এ।২, ফি স্কুল ষ্ট্রীট, কলিকাতা।

পরাজয়, তাদের নিদর্শন নিয়েই তাদের মহা আনন্দ। তখন তারা রঘুর সঙ্গে দিকবিজয়ে সারা ভারত জয় করে। পুরাকালের দুর্দ্ধর্ষ জলযোদ্ধা বাঙ্গলার সুনিপুণ নৌ-সেনাদের হারিয়ে দিয়ে ভাঁটার সময় গঙ্গার গর্ভে জয়স্তম্ভ গড়ে আর উড়িষ্যার ভিতর দিয়ে জয়োল্লাসে কলিঙ্গের দিকে ছুটে। বাঙলার রাজপুত্র বিজয় লঙ্কা জয় করে বিজয় সিংহের সঙ্গে সাগরজলে ঝাঁপিয়ে পড়ে লঙ্কায় উপনিবেশ স্থাপন করে। তারা জাভা, বলিদ্বীপে নিজ ধর্ম্ম স্থাপন করে তারা ভারতসমুদ্রে ভেলায় চড়ে দক্ষিণ ভারতে সভ্যতা বিস্তার করে, তারা প্রশান্ত মহাসাগর পার হয়ে আমেরিকা অধিকার করে। ভারতগৌরব পুরুরাজের হয়ে এলেকজাণ্ডারের সহিত লড়াই করে, আর বেবীলোনিয়ার যুদ্ধে পাগল রণচণ্ডী রাণী সেমিরামিসের কলের তৈয়ারী নকল হাতীর বাহিনী হাসতে হাসতে ছিন্ন ভিন্ন করে, বিশ্ববিজয়ী (semiramis) সেমিরামিসের তুরুক সোয়ারের দলের শানিত বর্শা অসি তুচ্ছ করে সিন্ধুনদের নৌকা শুদ্ধ লক্ষবীরের জীবন বলি দিয়ে, পুড়িয়ে দিয়ে, রাণীর পালাবার রাস্তা কেটে দিয়ে, তার রণগর্ব্ব চুর্ণ করে তারা অবরুদ্ধ করে। তেজ রমণীর দীর্ঘ চুল কেটে ধনুকের ছিলে করে দুর্গপ্রাকার হতে কেমনে সৈনিকের উপর বিষাক্ত তীর ছেড়ে আবার চিতোরে এসে মা, স্ত্রী, ভগ্নি, কন্যাদিগকে আগুন জেলে জহরব্রতে অভিসিক্ত করে, বর্শার ফলক সানিয়ে নিয়ে অশ্বের খুরে আগুন ছুটায় পাহাড়ের পাশ দিয়ে। তারা মহাবীর হানিবলের সঙ্গে মাত্র ১০,০০০ সৈন্য নিয়ে রোম আক্রমন করে আর রসদশূন্য ক্ষুধার্ত্ত সৈনিকদিগকে অসির ঈঙ্গিতে দেখিয়ে দেয় ওই সমৃদ্ধিশালী নগরে তোমাদের খোরাক ওখানে জমা আছে। ওটা জয় কর আর খাও। বিশাল রোমান সাম্রাজের এমন কোন শক্তি ছিল না যে এই ১০,০০০ বুভুক্ষ হানিবলের সৈন্যের গতি রোধ করে। তারা নেপেলিওনের সঙ্গে দুঃর্ভেদ্য বরফ ঢাকা পথহীন বন্ধুর আল্পস পর্ব্বত উপরে উঠে আর তাদের অনাহারে অমানুষিক ক্লেশে বলহীন দেহে অপূর্ব্ব কীর্ত্তি নেপোলিয়নের অগ্নিবানের পিছনে অনাহার, মৃত্যু, আর কলঙ্ক, আর ওই শেষ গিরি শৃঙ্গ পারে, আহার জীবন, চির গৌরব, শস্যপূর্ণ ইটালী তোমাদের পদানত। হাজার যুদ্ধজয়ী বীর তোমরা, মৃত্যুর কাছে হার মানবে। হে ফ্রানসের সৈনিকগণ, তোমাদের ছোট হাবিল দ্বারা মৃত্যুকে জয় করা যায়। সেই অগ্নিবাণী শুনে মৃত্যু, অনাহার, ক্লেশ সহ্য করে অসম্ভব সম্ভব করে আল্পস পার হয়ে ইটালী জয় করে। রানা প্রতাপের সঙ্গে আরাবল্লি গিরি কন্দরে ঘাসের দানার রুটী ছেলে মেয়ে চাকরের সঙ্গে ভাগ করে খেয়ে স্বাধীনতা অক্ষুণ্ন রাখে, তারা রিজিয়ার সঙ্গে সৈনবাহিনী ও সাম্রাজ্য পরিচালনা করে আর চাঁদ-বিবির সঙ্গে তলোয়ার নিয়ে ঘোড়ার পিঠে দুর্গ অবরোধ করে, শত্রুসৈন্য কেটে কুটে ছারখার করে দেয় তারা ইংরাজ বীর হ্যামডেনের সঙ্গে রক্তশোধন সিপমনির (ship money) বিরুদ্ধে গরীবের উপর অত্যাচারের বিরুদ্ধে মাথা তুলে।

কত বলব, বলবার অনেক আছে ছেলেদের বুঝতে গেলে ছেলেদের সঙ্গে ছেলে হয়ে যেতে হবে, তাদের মনের ভাব দিয়ে তাদের শিক্ষা দিতে হবে, এত কথা কেন বললাম অনেকে জানতে চেয়েছিলেন ছেলেরা Childrens Corner এ কি মজা পায় যে খেলা ধুলা খেলে ৫॥ টার সময় সেই আঁকড়ে বসে থাকে। আরো একটা কারণ আছে। অনেক বাপ মা, হয় ভালবেসে নয়ত খুব কড়া হয়ে নয়ত নিজেদের অমনোযোগে ছেলে মেয়েদের ভবিষ্যত জীবন গড়বার পথ সরল কোরে দেন না। চানক্য পণ্ডিতের কথা ভুলে যান। বেতের সময় বেত না মেরে ভালবাসার সময় বেত লাগাতে যান ফলটা বড় ভাল হয় না। তার প্রমাণ বাপ এখন কি আর সেই সন্মান পান। ফল কথা একটা সন্দেহের ভিতর কথাটা এসে গেল পূর্ব্বে কিন্তু সন্দেহ ছিল না। আমরা সনাতন আদর্শে যাতে ফিরে যাই তার চেষ্টা সকল অভিভাবকের দরকার। আর তার চেষ্টা খাটী সরল ভালবাসা ও সত্যের দিয়ে। ভালবাসা ছাড়া ছেলেমেয়ে বশ করবার আর উপায় নাই। কাশমীরে যেমন ছোট ছেলে মেয়েদের কেউ ধমকায় না মারতে দূরের কথা, কারণ তাদের বিশ্বাস ছেলেমেয়েদের মন খারাপ হলে জ্বর হয়, আমাদের বাংলা দেশের বাপ মা যেন ছেলেমেয়ে ছোট হউক আর বড় হউক সেই রকম কোরে যেন সাধনা ও শিক্ষা দিয়ে যান।

# মহিলা মজলিস

## প্রতীক্ষায়

ফিরিয়া এসেছে চৈতালী সাঁঝ
তুমি তো এলে না ফিরে !
ঝরা মুকুলের গন্ধ আজিও
রয়েছে এ গেহ ভরে !
কোকিল কূজনে, নদী কলতান,
আজও ভেসে আসে ঝিল্লীর গান,
পল্লীর বধূ সাঁঝের বেলায়
কলসী ভরিয়া ফিরে—
আজিও তেমনি তুলসীর মূলে
জ্বালিছে প্রদীপটীরে।

*

পরি নব সাজ আজও হাসে তৃণ
তরু শ্যামলতা মাখি,
গগনের ভালে সাঁঝের তারাটী
জয়টীকা দেছে আঁকি।
আধ-ফোটা ওই কুসুমের কলি—
সরমেতে কাঁপে পরশনে অলি,
উদাস নয়ন মেলি তারই পানে
কি ভাবিয়া চেয়ে থাকি !
তুমি কতদূরে তাই কি গো ভাবি
কপোলেতে কর রাখি ?

*

প্রতি সাঁঝে আজও বকুলের তলে
নিরালায় গাঁথি মালা।
সারা নিশি জাগি, কি জানি কখন্
ফিরে যায় মোর কালা !
মৃদুল পবন শ্বাস গেলে ফেলি
মর্মরি উঠে ঝরা পাতাগুলি
শিহরিয়া দেখি সে কি ফিরে এল
নিরাশায় বাড়ে জ্বালা !
অযতনে তার মালাটী শুখায়
পড়ে রহে ভরা ডালা !

*

নিরাশা-সায়রে আশা ডুবে যায়
আঁখিজলে ডুবে হাসি !
যৌবন মম কেঁদে গেছে চলি
মরণ দুয়ারে আসি—
বলে চুপি চুপি "যাবে মোর সাথে,
দেখা পাবে তার গেলে ওপারেতে,
পথ চেয়ে কেন বৃথা কাল গোনো
এ পারেতে একা বসি ?"
তাই যদি হয় পথ বলে দাও
হে মরণ অবিনাশী !

শ্রীপ্রতিভারাণী ঘোষ

*

## পরীক্ষার স্থান

এ সংসার পরীক্ষার স্থান
হেথাকার নহে কেহ
দুদিনের বাস গেহ,
সবারি কর্ত্তব্য হেথা কলের সমান
নিজ নিজ কর্ম্মফলে
আসে লোক ধরাতলে,
কেহ সুখে রহে কেহ দুঃখে ম্রিয়মাণ।
ঘূর্ণমান পৃথিবীতে
কেহ দিতে কেহ নিতে
আসে, কেহ নিরদয় দেহ দয়াবান,
অনিত্য মায়ায় ভুলে
যেবা রহে কুতূহলে
অন্ধ তার অন্তদৃষ্টি স্তব্ধ তার জ্ঞান।

যে বুঝে এ সৃষ্টি তত্ত্ব
কিবা মিথ্যা কিবা সত্য,
অন্তরে তাহার নিত্য দেব অধিষ্ঠান,
শীঘ্র তার কর্ম্মক্ষয়
হেথা হতে লুপ্ত হয়,
ত্বরায় অস্তিত্ব তার, লভে উচ্চস্থান,
অসার সংসার মাঝে সেই ভাগ্যবান।

এ সংসার পরীক্ষার স্থান,
দেবতা বিহরে যথা
যোগী ত্যাগী যায় তথা,
ভোগী হেথা সুখ ভোগে করে আত্মদান,
মোহে মুগ্ধ জ্ঞানহারা
বুঝিতে চাহে না তারা
কেন আসিয়াছে হেথা কোথায় নির্ব্বাণ।

অসার খেলে না পেলে
সার সত্য রহে ভুলে
বাসনায় মত্ত হয়ে অবোধ অজ্ঞান,
কভু কোনো পেয়ে দুঃখ
ম্লান হয় হাসি মুখ
তখনি সুখের তরে কি ব্যাকুল প্রাণ।

বোঝে না সকলি মিছে
সবি পড়ে রয় পিছে
পরীক্ষা হইলে সাঙ্গ, অচিন পরাণ,
সবারি ত্যজিতে হ'বে
সবাই পথিক ভবে
পথপ্রান্তে উপনীত সকলে সমান,
বোঝে না যে এ জগত পরীক্ষার স্থান।

শ্রীকনকলতা ঘোষ

# প্রজাপতি

( গল্প )

মেয়েটি জন্মেছিল এক ছোট্ট সৌখীন পরিবারে—যাকে বলে Happy family, যেমন তেমন ঘরে জন্মালে তার ভুজঙ্গিনী কিম্বা রক্ষাকালী গোছের একটা নাম, আর ওই ধরণের এক স্বামীর হাতে গৌরীদত্তা হবার সৌভাগ্য, - এই হলেই দিব্যি চলে যেতো।

কিন্তু তা হবার নয়। বিলিতি-ঘেঁসা মার ইচ্ছে একটা বিলিতি নাম। বিশেষ করে ডলি নামটাই তাঁর পছন্দ। বাবা কিন্তু চান বেশ কমনীয় একটি নাম যেমন ডালি। শেষে নাম রাখা হল ডালিয়া, বিলিতি ফুল। খুব মধুর না হলেও দুজনেরই ত জেদ বজায় রইলো? মা ডাকেন ডলি, বাবা বলেন ডালি।

সেই ডালিয়া যখন এগারো বছরে পোড়ল তখন দরিদ্র বাঙলা ভাষার ভাণ্ডারে যে কয়েকখানি সুস্বাদু ও পুষ্টিকর উপন্যাস ছিল তা তার পড়া হয়ে গেছে। বাধ্য হয়ে তখন তাকে ইংরেজি সাহিত্যের দরবারে হাজির হ'তে হল। প্রথম প্রথম রীতিমত অসুবিধা হলেও দু-দিনে সে অসুবিধা কাটিয়ে উঠতে দেরী হ'ল না। ফলে Matriculation পরীক্ষা দেবার আগেই অর্থাৎ বয়স যখন ১৭ও হয়নি তখনই বিশ্ব-সাহিত্যের সঙ্গে তার পরিচয় বেশ নিবিড় হয়ে উঠ্‌লো।

সাধারণ বাঙলা গৃহস্থের ভাষায় ডালিয়া এখন সোমত্ত মেয়ে। তাই বা কেন, আধুনিক সভ্যতার গুরু পাশ্চাত্য জগতের ভাষাতেও তো সে Sweet Sixteen পার হয়েছে। কাজেই বঙ্গোপসাগরের বাতাস যে তার মনের নিভৃত বেণুবনে এক চিরন্তন সঙ্গীত সুর যোজনা কর্‌বে সে আর বিচিত্র কি?

কিন্তু সে উদার সাহিত্যের স্বাস্থ্যকর আবহাওয়ায় মানুষ হয়েছে। জীবনটা যে প্রজাপতির পাখ্‌নার মত খালি হাল্‌কা স্ফূর্ত্তিতে ভরা নয় তা' সে বেশ বোঝে, তাই তার মনে সাধারণ মেয়ের মত বাজে ভাবপ্রবণতার চিহ্ন নেই।

যখন সে ছোট ছিল তখন ভাব্‌ত সস্তা উপন্যাসের

নায়কের মত এক সুন্দর বরের সঙ্গে নিজের জীবনটা একরকমে সুখে-স্বচ্ছন্দে কাটানোই সবচেয়ে বড় সুখ। কিন্তু সে অনেকদিন আগে।—সে সময় উপন্যাসের শেষ পাতার নায়ক নায়িকার মিলন না হ'লে সে এত কাঁদ্‌ত যে রাত্রে বালিশ বদ্‌লাবার দরকার হত।

কিন্তু সেদিন গেছে। আজ দুনিয়ার সম্বন্ধে তার সেই সঙ্কীর্ণ সংস্কারের স্বার্থপর ধারণা ঘুচেছে। সে বুঝেছে যে এ জগতে নিরবচ্ছিন্ন সুখের কল্পনা করা পাগলামি। এখানে সুখের সীমা রেখার সঙ্গে সমান্তরাল ভাবে দুঃখের রাজ্যেরও প্রান্তরেখাটি টানা !! সে আর একটা জিনিষও খাঁটী বুঝেছে যে জগতটাকে তার মনের মত করে না পাওয়ার ক্ষোভে গলায় দড়ি কলসী দেবার কিম্বা কোরাসিনে আত্মহত্যা করার চেয়ে নিজেকে জগতের উপযোগী করে গড়্‌বার চেষ্টা করা বেশী বুদ্ধিমানের কাজ। সে জানে যে যীশু, বুদ্ধ, মীরা বা চৈতন্যের বুদ্ধিটা নেহাৎ কাঁচা ছিল না বলেই তাঁরা শান্তির আরকে ডুবিয়ে তাদের মনকে গড়েছিলেন।

ডালিয়ার বিয়ের কথা হচ্ছে খুব বড় ঘরের সুপুরুষ এক স্কলার বরের সঙ্গে! এমন স্বামী পাবে বলে সে আজ নিশ্চয়ই বহু মেয়ের ঈর্ষার সামগ্রী।

ডালিয়া কিন্তু যেদিন একথা শুনলে সেদিন সে ওাদের ছাতে সোফার ওপর অনেক রাত অবধি আকাশের দিকে চেয়ে শিথিলভাবে পড়ে রইলো। শুধু দুই চোখের প্রান্ত দিয়ে দুটি ক্ষীণ জলধারা নেমে এসে তার চোখের পাশের চুলগুলিকে ভিজিয়ে দিচ্ছিল। চাঁদনি রাত। তার মনে হল ঐ যে চাঁদ—ও তো জানেনা কোন্ পর্ণ কুটীরে নিভৃত গবাক্ষপথে হয়ত ওর একটি কিরণ রেখা কোন্ এবং অজ্ঞাত বালিকার মানসপটে স্বপ্নের ছবি রচনা আছে। খানিক পরে পরম ঔদাস্যভরে তার মনখানি শুদ্ধ ওর আলোর জাল যখন গুটিয়ে নেবে তখন জানবেও না যে কি জিনিষ সে লাভ কর্লে !!

কোনো বিশেষ এক থিয়েটারের ওপর ডালিয়ার যে খুব ঝোঁক আছে তা সবাই জানে। কিন্তু কেন তা কেউ কোনদিন তাকে জিজ্ঞাস করেনি।

বিয়ের আর বড় বেশী দিন বাকী নেই—ডলি সেদিনও থিয়েটারে গেছে। একদৃষ্টে দেখ্‌ছে সেই অভিনেতাকে যার জন্য তার থিয়েটারে আসা।—মনের পাত্রে অন্তরের সব সুধা সঞ্চিত করে সে নিবেদন করেছে যার উদ্দেশে—সে কিন্তু এর কিছুই জানে না।

ষ্টেজের দিকে চেয়ে চেয়ে তার চোখ জলে ভরে এলো। সে মনে মনে বল্লেঃ ওগো আমার সোণার হরিণ! তোমার চল-চঞ্চল চরণক্ষেপে আমার মানসবনে যে রক্ত কমল ফুটিয়েছ তার অর্ঘ্য নিয়ে আমি যুগ-যুগান্তর তোমার জন্য অপেক্ষা কর্ব্ব!—

তারপরে কোন্ যুথি-বেলার গন্ধ আকুল চৈত্র-রাতে কোন্ অশ্রুসজল শ্রাবণদিনে অন্তিম শয্যাশায়ী আমার ধ্যানে তোমার অভিসার হবে! কোন্ হেমন্তের মৌন সন্ধ্যায় মৃত্যু যবনিকার অন্তরাল হতে দেখ্‌বো আমার পূজা তুমি গ্রহণ কর্লে? হঠাৎ সে দেখ্‌লে একটা প্রজাপতি উড়ে গিয়ে বস্‌লো তার বাঞ্ছিতের উষ্ণীষে। মন তার প্রশংসায় ভরে উঠ্‌লো—কি সুন্দর মানিয়েছে!

প্রজাপতি কিন্তু চঞ্চল। সেখানে তার বেশীক্ষণ বসে থাক্‌তে ভালো লাগ্‌লো না। উড়ে ষ্টেজ থেকে বেরিয়ে এল। উড়্‌তে উড়্‌তে শ্রান্ত হ'য়ে এসে বস্‌ল একেবারে ডালিয়ার শাড়ীর আঁচলের ওপর। ডালিয়ার বুক দুর্ দুর্ করে কেঁপে উঠ্‌লো। লজ্জায় গাল ও কাণ দুটো লাল হয়ে উঠ্‌লো। এদিক ওদিক চেয়ে দেখলে "না কেউ লক্ষ্য করেনি। সকলের মন অভিনয়ের দিকে আকৃষ্ট। পুলক-কণ্টকিত দেহে সে চেয়ে রইলো ঐ প্রজাপতির দিকে পরম অনুরাগ ভরে। নড়লে পাছে উড়ে যায় সেই ভয়ে সারাক্ষণ সে আড়ষ্ট হ'য়ে বসে রইলো। প্রজাপতিটা বোধহয় ঘুমিয়ে পড়েছিলো— উড়ে গেল না। ডালিয়া সর্ব্বক্ষণ নিজের মধ্যে একটা শিহরণ অনুভব কর্ত্তে লাগ্‌লো। স্নেহভরে সে মনে মনে আবৃত্তি কর্লে, কবির লেখাঃ—

ওরে প্রজাপতি মায়া দিয়ে কেরে পরশ করিল তোরে
অস্তরবির তুলিখানি চুরি করে—
অপ্সরীদের দোল খেলা ফুলরেণু—
পাঠায় কে তোর দুখানি পাখার ভরে?

এমনিই হয়। প্রিয়ের স্পর্শমাখা প্রজাপতিটা পর্য্যন্ত আজ তার কাছে পরম আদরের সামগ্রী। অভিনর শেষ হয়ে গেছে। হঠাৎ সে চম্‌কে দেখলে—যা! কখন আন্‌মনে সে প্রজাপতিটাকে চট্‌কে ফেলেছে বুকের ওপর। —কতটুকুই বা ক্ষীণ তার প্রাণ!

প্রজাপতিটাকে সে বাড়ীতে নিয়ে যেতো না কিম্বা পুষতো না সত্যি—কিন্তু তার এই শোচনীয় করুণ মৃত্যু ডালিয়ার মনকে বিকল করে দিল। সে অশ্রু সজল চোখে দেখলে তার শাড়ীতে লেগে আছে কতকগুলি সোণালীরেণুর সমষ্টি!

নিমেষে তার মনটা হাহাকার করে উঠলো।

ওগো বিধাতা! একি তোমার নিষ্ঠুর খেলা?

ওই ছোট্ট কচি কোমল হাসির বিন্দুটি মুছে দিয়ে তোমার কোন অভীষ্ট সিদ্ধ হোলো দেবতা! এর পরেও কি করে তোমায় দয়াময় বল্‌ব!!"

—


## রেডিও সেট মেরামত!

অন্য কোন দোকানে আপনার সেট মেরামত করিতে দিবার পূর্ব্বে একবার আমাদের পরীক্ষা করুন। আমাদের কারখানায় ভাল ইঞ্জিনিয়ার দ্বারা অল্প সময়ে ও অল্প ব্যয়ে—যে কোন বেতার-যন্ত্র এবং সরঞ্জাম মেরামত হয়। আপনাদের সাহায্য ও পরীক্ষা প্রার্থনীয়।

## রেডিও ফিটার্স

৭৯-২৯, লোয়ার সার্কুলার রোড,

কলিকাতা

ফোন:—কলিকাতা ৩১৭৭


# গৃহ প্রবেশ

বিশ্বকবি রবীন্দ্রনাথের গৃহপ্রবেশ নাটকখানি বাংলার নাট্যজগতের একটি অপূর্ব্ব সম্পদ। ছোট একটি ঘটনাকে আশ্রয় কোরে নাটকটী শতদলের মত ফুটে উঠেছে, এবং পাত্রপাত্রীদের প্রত্যেক কথাগুলি এক একটি মাণিকের টুক্‌রো বললেও অত্যুক্তি হয় না। এ শুধু আমাদের কথা নয়, রসবেত্তা মাত্রেই তা স্বীকার করবেন। নাটকের প্রারম্ভ হতে করুণ রসধারা নির্ঝরিনীর মত আপনার স্বতস্ফূর্ত্ত গতিচ্ছন্দে প্রবাহিত হয়ে গেছে তা রসিকের চিত্তকে শুধু বিস্মিত করে না, আনন্দ-রসাভিসিক্ত কোরে দেয়। যাঁরা নাটকে ঘটনাবহুল চিত্ত চমকপ্রদ অদ্ভুত ও অলৌকিক দৃশ্যের অবতারণা না দে্খলে মোটেই খুসি হোতে পারেন না তাঁরা গৃহপ্রবেশ নাটকখানি উপভোগ করতে পারবেন না বোলে আমাদের বিশ্বাস। আর একদলও নাটকটি অভিনীত হবে বলেই হতাশ হয়ে পড়বেন যাঁরা রবীন্দ্রনাথের সাহিত্য প্রতিভা সম্বন্ধে সন্দিহান এবং যাঁরা বলে থাকেন রবীন্দ্রনাথের সব কিছুই নাকি ধোঁয়ায় ভরা। যাক্‌ পৃথিবীর পরিধি যখন বিপুল এবং লোকের মতও যখন ভিন্ন তখন ভাল মন্দের তর্ক কোরে লাভ নেই। তবে বেতারের শ্রোতৃবর্গকে আমরা এইটুকু বোলে আশ্বস্ত কচ্ছি যে হেঁয়ালির কণামাত্র তাঁরা এই নাটকটিতে খুজে পাবেন না এবং মনযোগ দিয়ে গোড়া থেকে শেষ পর্য্যন্ত শুনলে তাঁরা যথেষ্ট আনন্দে পাবেন। সঙ্গে সঙ্গে এ টুকু বলে রাখি যে যদি এর কোন দৃশ্য থেকে মনকে সরিয়ে ফেলেন তা হোলে উপভোগের যথেষ্ট ব্যাঘাত জন্মাতে পারে। এর আখ্যানবস্তুও মোটেই ঘোরালো নয় একটি সাধারণ জীবন কাহিনীর করুণ ইতিহাস।

যতীন ছিল যুবা, যৌবনেই কঠিন রোগশয্যায় শায়িত হয়ে পড়ে। যেমনি সুন্দর তার চেহারা

তারও চেয়ে সুন্দর তার প্রাণ। জগতের সকল কিছু সুন্দরকে সে শুধু মনের মধ্যে পুজা করে। সংসারের হীনতা, স্বার্থপরতা তার কল্পনাতেও স্থান পায় না। জগতের মধ্যে ভালবাসতো সে তার মাসীকে আর ছোট বোন হিমিকে। আর একজন ছিল তার আরাধনার বস্তু মণি—নিজের স্ত্রী। ছোট মেয়েটি প্রকৃতির আনন্দ দুলালী, ছোট হরিণশাবকের মতই চঞ্চল। যতীনের রোগশয্যার পাশে এসে দাঁড়ালে সে হাঁপিয়ে উঠ্তো। ওষুধের গন্ধ পেলে মনে হত বাতাসকে যেন হাঁসপাতালের ভূতে পেয়েছে। অথচ যতীন চায় তাকে তার কাছে, সে শুধু প্রেয়সীর মূর্ত্তিটিকে প্রাণভরে সে দেখতে চায়। মাঝে মাঝে আবার মনে হয় যে, থাক্ তার আদরের মণি বাইরের খেলাতেই মত্ত থাক। আহা ছেলে মানুষ! তার আদরের মণির জন্যে সে একটি বাড়ী তৈরী করছে নিজের মনের মতন করে, টাকার অভাবে সবটা তৈরী হচ্ছে না। মনে মনে কল্পনা করছে কত সুন্দরই না হবে তার গৃহটি, যে গৃহে তার মণিকে নিয়ে সে আনন্দ উৎসবে কাল কাটাবে। যতীন যে মণিকে চায়, একটু দেখতে চায় এটা মাসীমা বুঝতেন। তিনি এটাও বুঝতেন যে যতীনের জীবনের ও শেষ হয়ে আস্ছে। বউ যে যতীনকে কত ভালবাসে সেইটে বোঝাতে তিনি দিনরাতই চেষ্টা করতেন। তাঁর বোঝানর মধ্যে অবশ্য সত্যের চেয়ে অসত্যের অংশই বেশী থাকতে। বুকের মধ্যে নিদারুণ ব্যথাকে সমাহিত কোরে বোলে যেতেন যে গোপনে-গোপনে মণি যতীনের যে কত সেবা করবার চেষ্টা করে তা বলবার কথা নয়। এই কথাগুলো শুনলে যতীনের মনপ্রাণ ভোরে উঠ্তো। তার মনে হোতো তার গৃহনির্ম্মান সার্থক হয়ে উঠছে। গৃহপ্রবেশের দিন কি রকম উৎসব হবে সেই কথা যতীন আলোচনা করতে বসতো, তার ছোট বোন হিমির সঙ্গে। হিমিকেও যতীন বড্ড ভালবাসত। তার গান যতীনের মনকে সঞ্জীবীত কোরে তুলতো। এই রকম কল্পনার মায়াজাল বুনে সে ছুটে চলেছিল এক বিরাট মরীচিকার পেছনে। কিন্তু হঠাৎ একদিন তার সমস্ত আশা ভেঙে তচ্নচ হোয়ে গেল। মণি চলে গেল বাপের বাড়ী তার ছোট বোনের অন্নপ্রাশন উপলক্ষে। মাসীর নিষেধ অগ্রাহ্য কোরে যতীনের অজ্ঞাতে। কিন্তু ঘটনাচক্রে মাসীর সতর্কতা এড়িয়ে এই গোপন সংবাদটি প্রকাশিত হয়ে গেল। সেদিন যতীনের সমস্ত উৎসাহ নির্ব্বাপিত হয়ে গেল। মৃত্যুর ঘনায়মান অন্ধকার তখন তার চোখের ওপর এসে পড়েছে। গৃহপ্রবেশের সমস্ত কল্পনা ব্যর্থ হয়ে গেল। মৃত্যুর শেষ মুহূর্ত্তে মণি পায়ের ওপর এসে লুটিয়ে পড়লো বটে কিন্তু তখন যতীন আর এক অজানা দেশের গৃহদ্বারে গিয়ে উপস্থিত হোয়েছে। মাসীর ভূমিকায় অবতীর্ণা হবেন শ্রীমতী ঊষাবালা। তাছাড়া ডাক্তারের ভূমিকায় মিঃ বোস ও শ্রীমতী বীণাপাণি বেতার শ্রোতৃবৃন্দকে অভিবাদন কোরবেন।

শুধু ১০৲ টাকা দিলেই আপনার বাটীতে

IRRI

৩ ভাল্‌ভ যুক্ত মেন সেট

লাউড্‌স্পিকার সমেত এরিয়েল, তার ইত্যাদি দিয়ে ফিট করে দিয়ে আসিব। বাকী ১১০৲ টাকা মাসিক হিসাবে ১০৲ টাকা করে শোধ ক'রবেন। সমস্ত ইর্‌রি সেট ১২মাসের গ্যারাণ্টি।

ইণ্ডিয়ান রেডিও করপোরেশন

৫২।১।১ কলেজ ষ্ট্রীট, কলিকাতা।

ফোন বড়বাজার—৩৯৮৪

# অনুষ্ঠান-পত্র

## কলিকাতা ষ্টেশন

ভারতীয় প্রোগ্রাম

( সর্ব্বস্বত্ব সংরক্ষিত )

—

### শুক্রবার, ২৫শে এপ্রিল, ১৯৩০,
### ১২ই বৈশাখ, ১৩৩৭

—

### প্রাতঃকালীন অনুষ্ঠান

—

৮-১৫ কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা
ভারতীয় প্রোগ্রাম

—

সংবাদ জ্ঞাপন
গ্রামোফোন রেকর্ড

—

৮-৪৫—৯-১৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

### দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

১২॥টা ভারতীয় গ্রামোফোন রেকর্ড
১টা ইউরোপীয় গ্রামোফোন রেকর্ড

—

২—৩টা মহিলা মজলিস

—

বক্তা—শ্রীবিষ্ণু শর্ম্মা
বিষয়—বিশ্বের বিচিত্র সংবাদ

—

### বৈকালিক অনুষ্ঠান

—

৫॥টা ছোটদের বৈঠক
বক্তা—গল্পদাদা

—

### সান্ধ্য-অনুষ্ঠান

—

৬॥টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা
ইউরোপীয় প্রোগ্রাম

—

৭॥টা আবহাওয়া বিজ্ঞাপন, সাধারণ সংবাদ
বাজার দর, পাট ও গানির দর

—

৮টা ভারতীয় প্রোগ্রাম

—

বেতার নাটুকে দল কর্ত্তৃক অভিনয়
শ্রীরবীন্দ্রনাথ ঠাকুরের
গৃহপ্রবেশ

—

১০॥টা God Save the King Emperor
শেষ

—

### শনিবার, ২৬শে এপ্রিল, ১৯৩০,
### ১৩ই বৈশাখ, ১৩৩৭

—

### প্রাতঃকালীন অনুষ্ঠান

—

৮-১৫ কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা
ভারতীয় প্রোগ্রাম

—

সংবাদ জ্ঞাপন
গ্রামোফোন রেকর্ড

—

৮-৪৫—৯ ১৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

## দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

১২॥টা ভারতীয় গ্রামোফোন রেকর্ড
১টা ইউরোপীয় গ্রামোফোন রেকর্ড

—

## সান্ধ্য-অনুষ্ঠান

—

৭টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা
ভারতীয় প্রোগ্রাম

—

### যন্ত্রসঙ্গীত

চিত্রাসংসদ অর্কেষ্ট্রা
( মিঃ পি, মল্লিক ও মিঃ এ মুখার্জ্জির অধিনায়কত্বে )

—

### কণ্ঠসঙ্গীত

( সাধারণ বাংলা গান )
৭-১০ শ্রীকুমুদেশ সেন
শ্রীপঙ্কজকুমার মল্লিক

—

### বৈঠকী সঙ্গীত

৭-৪০ শ্রীজ্ঞানেন্দ্রপ্রসাদ গোস্বামী
মিস উষারাণী

—

( হিন্দী গান )
৮-৫ মিস উষারাণী
শ্রীশৈলেন্দ্রনাথ ভট্টাচার্য্য

—

### হাসির কথা

৮-২৫ শ্রীহরিদাস বন্দ্যোপাধ্যায়

—

### যন্ত্রসঙ্গীত

৮-৪০ শ্রী বিশ্বনাথ রায়চৌধুরী ( সেতার )

—

### কীর্ত্তন

৮-৫০ শ্রীনিত্যগোপাল মুখোপাধ্যায়

—

৯টা আবহাওয়া বিজ্ঞাপন, সাধারণ সংবাদ
বাজার দর,

—

৯॥টা ইউরোপীয় প্রোগ্রাম

—

১০॥টা God Save the King Emperor
শেষ

—

## রবিবার, ২৭শে এপ্রিল, ১৯৩০
## ১৪ই বৈশাখ, ১৩৩৭

—

## প্রাতঃকালীন অনুষ্ঠান

—

৮॥টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা
ভারতীয় প্রোগ্রাম

—

### যন্ত্রসঙ্গীত

শ্রীবঙ্কিমচন্দ্র ঘোষ ( ক্ল্যারিওনেট )

—

### কণ্ঠসঙ্গীত

( সাধারণ বাংলা গান )
৮-৪৫ শ্রীবসন্তকুমার মিত্র
শ্রীপ্রভাতকুমার চট্টোপাধ্যায়
মিস আঙ্গুরবালা

—

# LISSEN TRANSFORMERS
## GUARANTEED FOR ONE YEAR

The world-famous Lissen Transformers are positively guaranteed for one year. Bombay Radio Co. will replace immediately any Lissen Transformer that breaks down or burns out within that period.




### LISSEN STANDARD TRANSFORMER.

This famous Transformer has won for itself the reputation of the Transformer that will never break down.

Turns Radio 3-1 Resistance ratio 4-1 Rs 7-7

### LISSEN SUPER TRANSFORMER

This is made in Two ratios $3\frac{1}{2}$-1 and $2\frac{1}{3}$-1. Suitable either for first or second Stage of L. F. Amplifier without distortion or loss of high notes or overtones, Rs. 16-10

# LISSEN H. T.

## THE BATTERY THAT
### GIVES POWER TO YOUR SET

You can get no better current for Radio. This noiseless, steady, flowing power brings out new qualities in any set because there is no extraneous sound to mar the fullest details of reception.




### REDUCED PRICES

| | | |
|---|---|---|
| 60 | Volt (Reads 66) | Rs. 7/15 |
| 100 | Volt (Reads 108) | Rs. 12/15 |
| 120 | Volt | Rs. 15/14 |
| 60 | Volt Super Power | Rs. 13/8 |
| 9 | Volt Grid Bias | Rs 1/8 |
| 16 | Volt Grid Bias | Rs. 2/8 |

*SOLE AGENTS:*

## BOMBAY RADIO COMPANY, LTD.

THE WIRELESS HOUSE,

*Bombay Office :*
67-69, Queen's Road, Kalbadevi P. O.
Telegrams : "BOMRADIOCO,"
Telephone : 22260.

*Calcutta Office :*
43-1D, Dharamtolla Street.
Telegrams : "BOMRADIOCO."
Telephone :Cal. 2323.

(হিন্দী গান)

৯ ১৫ মিস আঙ্গুরবালা

—

(সাধারণ বাংলা গান)

৯-২৫ শ্রীনারায়ণচন্দ্র দত্ত (বাংলা)

—

যন্ত্র-সঙ্গীত

৯.৪৫—১০টা শ্রীঅশোককৃষ্ণ ঘোষ (স্বরোদ)

—

১১॥—১টা ইউরোপীয় প্রোগ্রাম

—

## সান্ধ্য-অনুষ্ঠান

—

৬॥টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

—

ইউরোপীয় প্রোগ্রাম

—

উপাসনা

(সেন্ট এণ্ড্রুজ গির্জ্জা থেকে রিলে হবে)

—

৭॥টা আবহাওয়া বিজ্ঞাপন, সাধারণ সংবাদ

—

৮টা ভারতীয় প্রোগ্রাম

—

যন্ত্রসঙ্গীত

অরফিক ক্লাব কর্ত্তৃক ঐক্যতান বাদন

—

কণ্ঠসঙ্গীত

(আধুনিক বাংলা)

৮-১০ শ্রীহৃদয়রঞ্জন রায় (বাংলা)

—

আবৃত্তি

৮॥টা মিঃ পি, মুখার্জ্জি

—

কণ্ঠসঙ্গীত

(সাধারণ বাংলা গান)

৮-৫৫ কুমারী মণিমালা দেবী

কুমারী শেফালিকা দেবী

কুমারী সাধনা দেবী

—

হাসির কথা

৯-২৫ প্রোঃ এম, এম, মুখার্জ্জী (বাণী বাবু)

—

কণ্ঠসঙ্গীত

(বৈঠকী)

৯-৪০ শ্রীরত্নেশ্বর মুখোপাধ্যায়

শ্রীকালীপদ পাঠক

—

যন্ত্রসঙ্গীত

১০-১০ অরফিক ক্লাব কর্ত্তৃক ঐক্যতান বাদন

—

১০॥টা God Save the King Emperor

শেষ

—

## সোমবার, ২৮শে এপ্রিল, ১৯৩০
## ১৫ই বৈশাখ, ১৩৩৭

—

## প্রাতঃকালীন অনুষ্ঠান

—

৮-১৫ কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ভারতীয় প্রোগ্রাম

—

সংবাদ জ্ঞাপন

গ্রামোফোন রেকর্ড

—

৮-৪৫—৯-১৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

## দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

১২॥টা ভারতীয় গ্রামোফোন রেকর্ড

১টা ইউরোপীয় গ্রামোফোন রেকর্ড

—

২—৩টা মহিলা মজলিস

—

বক্তা—শ্রীবিষ্ণু শর্ম্মা

বিষয়—ধর্ম্মপুস্তক পাঠ

—

## সান্ধ্য-অনুষ্ঠান

—

৭টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ভারতীয় প্রোগ্রাম

—

বক্তৃতা

বক্তা—শ্রীধীরেন্দ্রনাথ সেন এম এ

বিষয়—Protection of Minorities

—

কণ্ঠসঙ্গীত

৭.২৫ শ্রীহীরেন্দ্রকুমার বসু

—

৭-৪০ মিস্ নীহারবালা

মিস্ রাজলক্ষ্মী

—

বৈঠকী সঙ্গীত

৮-২০ শ্রীকৃষ্ণচন্দ্র দে

—

যন্ত্রসঙ্গীত

৮-৪০ শ্রীনৃপেন্দ্র মজুমদার ( ক্ল্যারিওনেট )

( সঙ্গত—মিঃ আর সি বড়াল )

—

৯-১০ আবহাওয়া বিজ্ঞাপন, সাধারণ সংবাদ, বাজার দর, পাট ও গানির দর

—

৯॥টা ইউরোপীয় প্রোগ্রাম

—

১০॥টা God Save the King Emperor

শেষ

—

## মঙ্গলবার, ২৯শে এপ্রিল, ১৯৩০

### ১৬ই বৈশাখ, ১৩৩৭

## প্রাতঃকালীন অনুষ্ঠান

—

৮-১৫ কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ভারতীয় প্রোগ্রাম

—

সংবাদ জ্ঞাপন

গ্রামোফোন রেকর্ড

—

৮-৪৫—৯-১৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

## দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

১২॥টা ভারতীয় গ্রামোফোন রেকর্ড

১টা ইউরোপীয় গ্রামোফোন রেকর্ড

—

২—৩টা মহিলা মজলিস

—

বক্তা—শ্রীবিষ্ণু শর্ম্মা

বিষয়—বিজ্ঞানের আশ্চর্য্য বিষয়

—

আপনার রেডিও-যন্ত্রের
সর্ব্বশ্রেষ্ঠ ব্যাটারীর প্রয়োজন

একটী

# এভাররেডি

ক্রয় করিয়া কত উন্নতি করিয়াছে দেখুন।

ভারতবর্ষের আবহাওয়ার উপযোগী করিয়া নূতনভাবে প্রস্তুত। অন্য সকল প্রকার ব্যাটারী অপেক্ষা উন্নততর।

ইহাতে বাজে জিনিষ একেবারেই নাই। প্রত্যেক সেল এবং ব্যাটারী গ্যারান্টী দিয়া বিক্রয় হইয়া থাকে।

প্রস্তুত করিবার সময় ভাল করিয়া পরীক্ষা করা হইয়া থাকে। সুদক্ষ ইলেক্ট্রো-কেমিক্যাল এক্সপার্টের অধীনে প্রস্তুত হয়।

আপনার গ্রাহক-যন্ত্রের উপযোগী করিয়া প্রস্তুত করা হইয়া থাকে।

অর্ডার দিলে যে কোনো মাপ এবং শক্তির ব্যাটারী প্রস্তুত করিয়া অতি অল্পদিনের মধ্যেই আপনার নিকট প্রেরিত হইবে।

প্রত্যেক ব্যাটারীর শক্তির জন্য গ্যারান্টি দেওয়া হয়।

প্রতিযোগিতার মূল্যে বিক্রীত হয়।

# THE EVER READY (INDIA) CO.

## 5 GARSTIN PLACE CALCUTTA.

SPECIAL TERMS TO THE TRADE.

## বৈকালিক অনুষ্ঠান

—

৫॥—৬॥টা ছোটদের বৈঠক

বক্তা—গল্প দাদা

—

৬টা কুমারী তিলোত্তমা সরকার (গান)

৬-১০ কুমারী মহামায়া বসু (গান)

৬-২০ কুমারী অন্নপূর্ণা দেবী (গোস্বামী) (গান)

—

## সান্ধ্য-অনুষ্ঠান

—

৭টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ভারতীয় প্রোগ্রাম

—

(হিন্দী অনুষ্ঠান)

—

কণ্ঠসঙ্গীত

শ্রীশৈলেন্দ্রনাথ ভট্টাচার্য্য

মহম্মদ হাদি

আব্দুল আজিজ খাঁ

মিস আঙ্গুরবালা

মিস্ বীণাপাণি

—

যন্ত্রসঙ্গীত

৮-৪০ ছোটে খাঁ (সারেঙ্গী)

—

৯টা আবহাওয়া বিজ্ঞাপন, সংবাদ-জ্ঞাপন,

বাজার দর, পাট ও গানির দর

—

৯॥টা ইউরোপীয় প্রোগ্রাম

—

১০॥টা God Save the King Emperor

শেষ

—

## বুধবার ৩০শে এপ্রিল, ১৯৩০,

## ১৭ই বৈশাখ, ১৩৩৭

—

## প্রাতঃকালীন অনুষ্ঠান

—

৮-১৫ কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

—

ভারতীয় প্রোগ্রাম

—

সংবাদ জ্ঞাপন

গ্রামোফোন রেকর্ড

—

৮-৪৫—৯-১৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

## দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

১২॥টা ভারতীয় গ্রামোফোন রেকর্ড

১টা ইউরোপীয় গ্রামোফোন রেকর্ড

—

২—৩টা মহিলা মজলিস

—

বক্তা—শ্রীবিষ্ণু শর্ম্মা

বিষয়—এ জীবনের পরে কিছু বিশ্বাস করেন?

—

## সান্ধ্য-অনুষ্ঠান

৬॥টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ইউরোপীয় প্রোগ্রাম

—

৭॥টা আবহাওয়া বিজ্ঞাপন, সাধারণ সংবাদ

বাজার দর, পাট ও গানির দর

—

৮টা ভারতীয় প্রোগ্রাম

—

মিঃ আর, সি, বড়াল ( পিয়ানো )

—

বক্তৃতা

বক্তা—ডাঃ অনাথনাথ সেন

বিষয়—সাধারণ স্বাস্থ্য

—

কণ্ঠসঙ্গীত

( আধুনিক বাংলা সঙ্গীত )

৮-৩০ শ্রীব্রহ্মানন্দ মুখোপাধ্যায়

শ্রীপঙ্কজকুমার মল্লিক

—

৯টা শ্রীকালীপদ পাঠক ( বাংলা)

—

হাসির কথা

৯-২০ শ্রীকালীপদ বন্দ্যোপাধ্যায়

বৈঠকী সঙ্গীত

৯-৩৫ মিস উষারাণী

—

হাস্য কৌতুক

৯-৫৫ শ্রীহরিদাস বন্দ্যোপাধ্যায়

—

যন্ত্রসঙ্গীত

১০-১০ শ্রীরাজেন্দ্রনারায়ণ সেনগুপ্ত ( স্বরোদ )

—

১০॥টা God Save the King Emperor.

শেষ

—

## বৃহস্পতিবার, ১লা মে, ১৯৩০
## ১৮ই বৈশাখ, ১৩৩৭

## প্রাতঃকালীন অনুষ্ঠান

—

৮-১৫ কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ভারতীয় প্রোগ্রাম

—

সংবাদ জ্ঞাপন

গ্রামোফোন রেকর্ড

—

৮-৪৫—৯-১৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

## দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

১২॥টা ভারতীয় গ্রামোফোন রেকর্ড

১টা ইউরোপীয় গ্রামোফোন রেকর্ড

—

২—৩টা মহিলা মজলিস

—

বক্তা—শ্রীবিষ্ণু শর্ম্মা

বিষয়—মহাভারতের একটী গল্প

—

## সান্ধ্য-অনুষ্ঠান

—

৭টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ভারতীয় প্রোগ্রাম

—

ধর্ম্মসম্বন্ধীয় কথা

পাঁচালী

বক্তা—শ্রীগৌরমোহন মুখোপাধ্যায়

—

কণ্ঠসঙ্গীত

৭-২০ মিস্ রাজলক্ষ্মী

মিস্ বীণাপাণি

মিস্ আঙ্গুরবালা

—

ধর্ম্মমূলক সঙ্গীত

৮-২০ শ্রীনিত্যগোপাল মুখোপাধ্যায়ের

—

যন্ত্রসঙ্গীত

৮-৪০ মুস্তাক্ আলি খাঁ (সেতার)

—

৯টা আবহাওয়া বিজ্ঞাপন, সাধারণ সংবাদ

বাজার দর, পাট ও গানির দর

—

৯॥টা ইউরোপীয় প্রোগ্রাম

—

১১টা God Save the King Emperor

শেষ

—

## শুক্রবার, ২রা মে, ১৯৩০

## ১৯শে বৈশাখ, ১৩৩৭

—

## প্রাতঃকালীন অনুষ্ঠান

—

৮-১৫ কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ভারতীয় প্রোগ্রাম

—

সংবাদ জ্ঞাপন

গ্রামোফোন রেকর্ড

—

৮-৪৫—৯-১৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

## দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

১২॥টা ভারতীয় গ্রামোফোন রেকর্ড

১টা ইউরোপীয় গ্রামোফোন রেকর্ড

—

২—৩টা। মহিলা মজলিস

—

বক্তা—শ্রীবিষ্ণু শর্ম্মা

বিষয়—গ্রহ, উপগ্রহের আলোচনা

—

## বৈকালিক অনুষ্ঠান

—

৫॥টা ছোটদের বৈঠক

বক্তা—গল্প দাদা

—

## সান্ধ্য-অনুষ্ঠান

—

৬॥টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ইউরোপীয় প্রোগ্রাম

—


আপনি কলিকাতা সোপ ওয়ার্কসের




"কোরাল"

ট্রান্সপেরেন্ট

গ্লিসারিন

সাবান

একখানি ব্যবহার করুন। আপনি নিজেই বুঝিতে পারিবেন যে কেন আমাদের এই সাবান লোকে এত বেশী পছন্দ করে।

কলিকাতা সোপ ওয়ার্কস্

'ক্যালসো' পার্ক বালিগঞ্জ


৭॥টা আবহাওয়া বিজ্ঞাপন, সাধারণ সংবাদ

বাজার দর, পাট ও গানির দর

—

৮টা ভারতীয় প্রোগ্রাম

—

বেতার নাটুকে দল কর্তৃক

রায় ভোলানাথ বন্দ্যোপাধ্যায় বাহাদুর প্রণীত

পৌরাণিক নাটক

"মোহিনী"

( পুনরভিনয় )

—

১০॥টা God Save the King Emperor

শেষ

—

## শনিবার, ৩রা মে, ১৯৩০

## ২০শে বৈশাখ, ১৩৩৭

—

## প্রাতঃকালীন অনুষ্ঠান

—

৮-১৫ কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ভারতীয় প্রোগ্রাম

—

সংবাদ জ্ঞাপন

গ্রামোফোন রেকর্ড

—

৮.৪৫—৯-১৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

## দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

১২॥টা ভারতীয় গ্রামোফোন রেকর্ড

১টা ইউরোপীয় গ্রামোফোন রেকর্ড

—

## সান্ধ্য-অনুষ্ঠান

৭টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময়-ঘোষণা

ভারতীয় প্রোগ্রাম

—

### যন্ত্রসঙ্গীত

'বাণীসঙ্ঘ' অর্কেষ্ট্রা কর্ত্তৃক ঐক্যতান বাদন

( মিঃ জে, ঘোষের নেতৃত্বে )

—

### কণ্ঠসঙ্গীত

( আধুনিক বাংলা সঙ্গীত )

৭-১০ মিস প্রফুল্লবালা

শ্রীহীরেন্দ্রকুমার বসু

শ্রীজ্ঞান ঘোষ

—

### যন্ত্রসঙ্গীত

৭-৪০ বাণীসঙ্ঘ অর্কেষ্ট্রা

—

( বাংলা )

৮-১০ শ্রীকালীপদ পাঠক

শ্রীজ্ঞানেন্দ্রপ্রসাদ গোস্বামী

শ্রীরত্নেশ্বর মুখোপাধ্যায়

—

৯টা আবহাওয়া বিজ্ঞাপন, সাধারণ সংবাদ,

বাজার দর, পাট ও গানির দর

—

৯॥টা ইউরোপীয় প্রোগ্রাম

—

১০॥টা God Save the King Emperor

শেষ

—

## রবিবার, ৪ঠা মে, ১৯৩০

## ২১শে বৈশাখ, ১৩৩৭

—

## প্রাতঃকালীন অনুষ্ঠান

—

৮॥টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ভারতীয় প্রোগ্রাম

—


# ইষ্ট এণ্ড ওয়েষ্ট থ্রী

ভারতের যে কোন স্থান হ'তে ইষ্টার্ণ অর্থাৎ ব্যান্কক্, বোম্বে, ক'ল্কাতা ইত্যাদি অথবা ওয়েষ্টার্ণ অর্থাৎ বিলাত, আম্ষ্টার্ডাম ইত্যাদির গান বাজনা শোন্বার জন্য অর্থাৎ ৪টী কয়েল ব্যাটারি স্পীকার আদি সর্ব্বসমেত মূল্য ১৯৭৲ একশো সাতানব্বই টাকা।




অন্যান্য সকল প্রকার সেট এখানে সব সময় পাওয়া যায় এবং আমরা সকল প্রকার সেট সুবিধা দরে মেরামত করিয়া থাকি। পরীক্ষা প্রার্থনীয়।

## রেডিওফোন সিণ্ডিকেট

৫৭-৫৯, এভিনিউ, কলিকাতা।

যন্ত্র-সঙ্গীত

শ্রীবঙ্কিমচন্দ্র ঘোষ ( বাঁশী )

—

কণ্ঠসঙ্গীত

৮-৪৫ শ্রীধীরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় ( বাংলা )

মিস্ উষারাণী ( বাংলা )

—

বৈঠকী সঙ্গীত

৯-৫ মিস্ উষারাণী ( বাংলা )

শ্রীকৃষ্ণচন্দ্র দে

—

হাস্যকৌতুক

৯-৩৫ প্রোঃ এম্, এম্ মুখার্জ্জী ( বাণী বাবু )

—

একসাইড
দীর্ঘকালস্থায়ী ব্যাটারী
বিশুদ্ধ বেতারবার্ত্তার জন্য ব্যবহার করুন।
Exide
The Long Life Battery

সকল রেডিও বিক্রেতার কাছে পাইবেন।
F, & C. OSLER Ltd., Calcutta.

যন্ত্রসঙ্গীত

৯-৪৫—১০টা শ্রীরাজেন্দ্রনারায়ণ সেনগুপ্ত ( স্বরোদ )

—

১১॥—১টা ইউরোপীয় প্রোগ্রাম

—

## সান্ধ্য-অনুষ্ঠান

—

৬॥টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

( সেন্ট্ এণ্ড্রুজ গির্জ্জা থেকে রিলে হবে )

—

৭॥টা আবহাওয়া বিজ্ঞাপন, সাধারণ সংবাদ

—

ভারতীয় প্রোগ্রাম

—

কণ্ঠসঙ্গীত

শ্রীপঙ্কজকুমার মল্লিক

—

বক্তৃতা

বক্তা – মিঃ এম, ঘোষ

বিষয়—"প্রাচ্যকলা"

—

পৌরাণিক কথকতা

—

৮॥টা কথক—শ্রীগোপালচন্দ্র মিত্র

—

১০॥টা God Save the King Emperor,

শেষ

—

## সোমবার, ৫ই মে, ১৯৩০,

## ২২শে বৈশাখ, ১৩৩৭

—

### প্রাতঃকালীন অনুষ্ঠান

—

৮-১৫ কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ভারতীয় প্রোগ্রাম

—

সংবাদ জ্ঞাপন

গ্রামোফোন রেকর্ড

—

৮-৪৫—৯-১৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

### দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

১২॥টা ভারতীয় গ্রামোফোন রেকর্ড

১টা ইউরোপীয় গ্রামোফোন রেকর্ড

—

২—৩টা মহিলা মজলিস

—

বক্তা—শ্রীবিষ্ণু শর্ম্মা

বিষয়—জগতের নারীজাতি

—

### সান্ধ্য-অনুষ্ঠান

—

৭টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

—

ভারতীয় প্রোগ্রাম

—

বক্তৃতা

বক্তা—রায় জলধর সেন বাহাদুর

বিষয়—"মধ্যভারত"

—

কণ্ঠসঙ্গীত

—

(আধুনিক বাংলা)

৭॥টা শ্রীহীরেন্দ্রকুমার বসু

৭-৪০ মিস্ রাজলক্ষ্মী

মিস্ আঙ্গুরবালা

মিস্ বীণাপাণি

—

ভারতের যে কোনো প্রান্তে বসে লণ্ডন, মস্কো বোম্বাই প্রভৃতি দেশের বেতার-বার্ত্তা শুনুন আমাদের ৩ ভাল্ভ সংযুক্ত বেতার গ্রাহক-যন্ত্র বাজারের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ। লাউড্স্পীকার ইত্যাদি সমস্ত সরঞ্জাম শুদ্ধ দাম – ২১০৲ টাকা।



সস্তার ক্রিষ্টাল সেট—২০৲ টাকা হইতে উর্দ্ধে।
আমাদের এখানে ইউরোপীয় কারিগর দিয়ে সকল রকমের বেতার-যন্ত্র সুবিধায় মেরামত করান হয়। ক্যাটালগের জন্য পত্র লিখুন।

জি রজার্স এণ্ড কোং

২৩ নং লালবাজার ষ্ট্রীট কলিকাতা।

ফোন কলিঃ ৫৪৭১ টেলি—Groger

যন্ত্রসঙ্গীত

৮-৪০ শ্রীনৃপেন্দ্র মজুমদার ( ক্ল্যারিওনেট )

( সঙ্গত—মিঃ আর সি বড়াল )

—

৯টা আবহাওয়া বিজ্ঞাপন, সাধারণ সংবাদ

বাজার দর, পাট ও গানির দর

—

৯॥টা ইউরোপীয় প্রোগ্রাম

—

১০॥টা God Save the King Emperor

শেষ

—

## মঙ্গলবার, ৬ই মে, ১৯৩০,
## ২৩শে বৈশাখ, ১৩৩৭

—

### প্রাতঃকালীন অনুষ্ঠান

—

-১৫ কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ভারতীয় প্রোগ্রাম

—

সংবাদ জ্ঞাপন

গ্রামোফোন রেকর্ড

—

৮-৪৫—৯-১৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

### দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

১২॥টা ভারতীয় গ্রামোফোন রেকর্ড

১টা ইউরোপীয় গ্রামোফোন রেকর্ড

—

২—৩টা মহিলা মজলিস

—

বক্তা—শ্রীবিষ্ণু শর্ম্মা

বিষয়—গীতাপাঠ

—

### বৈকালিক অনুষ্ঠান

—

৫॥টা ছোটদের বৈঠক

বক্তা—গল্প দাদা

—

কণ্ঠসঙ্গীত

৬টা কুমারী গীতারাণী মিত্র

কুমারী পুষ্পরাণী

কুমারী শ্রীয়োত্তমা

কুমারী রেণুকা মিত্র

—

### সান্ধ্য-অনুষ্ঠান

—

৭টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ভারতীয় প্রোগ্রাম

—

বক্তৃতা

বক্তা—রঙ্গনাথ

বিষয়—নাট্যকলা

—

( হিন্দী অনুষ্ঠান )

৭-২০ শ্রীনায়ে সাহেব

শ্রীকৃষ্ণচন্দ্র দে

শ্রীমতী উষারাণী

শ্রীআব্দুল আজিজ খাঁ

—

যন্ত্র-সঙ্গীত

৮-৪০ মুস্তাফ আলি খাঁ ( সেতার )

—

৯টা আবহাওয়া বিজ্ঞাপন, সাধারণ সংবাদ
বাজার দর, পাট ও গানির দর

—

৯॥টা ইউরোপীয় প্রোগ্রাম

—

১০॥টা God Save the King Emporer
শেষ

—

## বুধবার, ৭ই মে, ১৯৩০

—

## ২৪শে বৈশাখ, ১৩৩৭

—

### প্রাতঃকালীন অনুষ্ঠান

—

৮-১৫ কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা
ভারতীয় প্রোগ্রাম

—

৮-৪৫—৯-১৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

### দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

—

১২॥টা ভারতীয় গ্রামোফোন রেকর্ড
১টা ইউরোপীয় গ্রামোফোন রেকর্ড

—

২—৩টা মহিলা মজলিস

—

বক্তা—শ্রীবিষ্ণু শর্ম্মা
বিষয়—দু-চারিটি মনোরম স্থান

—

### সান্ধ্য-অনুষ্ঠান

—

৬॥টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা
ইউরোপীয় প্রোগ্রাম

—

৭॥টা আবহাওয়া বিজ্ঞাপন, সংবাদ জ্ঞাপন,
পাট ও গানির দর

—

ভারতীয় প্রোগ্রাম

৮টা ( বিশেষ অনুষ্ঠান রজনী )
শ্রীপঙ্কজকুমার মল্লিক ( বাউল গান )
শ্রীরত্নেশ্বর মুখোপাধ্যায় ( রামপ্রসাদী )
শ্রীহৃদয়রঞ্জন রায় ( ভাটিয়ালী )
শ্রীনলিনীকান্ত সরকার ( হাসির গান )
শ্রীরবীন্দ্রমোহন বসু ( আধুনিক বাংলা গান )
শ্রীকালীপদ পাঠক ( টপ্পা গান )
মিস্ বীণাপাণি ( টপ্পা গান )
শ্রীজ্ঞানেন্দ্রপ্রসাদ গোস্বামী ( বৈঠকী গান )
শ্রীনিত্যগোপাল মুখোপাধ্যায় ( কীর্ত্তন )
ছোটে খাঁ ( সারেঙ্গী )

—

১০॥টা God Save the King Emperor
শেষ

## বৃহস্পতিবার, ৮ই মে, ১৯৩০,

## ২৫শে বৈশাখ, ১৩৩৭

—

### প্রাতঃকালীন অনুষ্ঠান

—

৮-১৫ কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ভারতীয় প্রোগ্রাম

—

সংবাদ জ্ঞাপন

গ্রামোফোন রেকর্ড

—

৮-৪৫—৯-১৫ ইউরোপীয় প্রোগ্রাম

—

### দ্বিপ্রাহরিক-অনুষ্ঠান

—

১২৷৷টা ভারতীয় গ্রামোফোন রেকর্ড

১টা ইউরোপীয় গ্রামোফোন রেকর্ড

—

২—৩টা মহিলা মজলিস্

—

বক্তা—শ্রীবিষ্ণু শর্ম্মা

বিষয়—সকল যুগের প্রাণী

—

### সান্ধ্য-অনুষ্ঠান

—

৭টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ভারতীয় প্রোগ্রাম

—

কথকতা

বক্তা—পণ্ডিত নেপালচন্দ্র চট্টোপাধ্যায় ভাগবতভূষণ

—

পাঁচালী

৮টা শ্রীগৌরমোহন মুখোপাধ্যায়

—

কণ্ঠসঙ্গীত

৮-২০ মিস্ রাজলক্ষ্মী

—

যন্ত্রসঙ্গীত

৮-৪০ শ্রীরাজেন্দ্রনারায়ণ সেনগুপ্ত ( স্বরোদ )

—

৯টা আবহাওয়া বিজ্ঞাপন, সাধারণ সংবাদ

বাজার দর, পাট ও গানির দর

—

৯৷৷টা ইউরোপীয় প্রোগ্রাম

—

১০৷৷টা God Save the King Emperor

শেষ

—

TO LET

REGTD. No. C. 1795.


# আর, এস, এস, মেন সেট



আপনার ঘরে যে ইলেকৃট্রিক সকেট ( socket আছে তাহাতে এই সেটের প্লাগটী লাগাইয়া দিলেই ঝন্ ঝন্ করিয়া বেতার গান আসিয়া পড়িবে। আর কিছু করিতে হইবে না। এই সেটে খরচ প্রতিদিন একপয়সা মাত্র।

মেন সেট আজকাল বাজারে নানা আকারে নানাপ্রকার মুল্যে দেখিতেছেন কিন্তু আমরাই এদেশে মেন সেটের **প্রথম** নির্ম্মাতা এবং আজ পর্য্যন্ত কোন মেন সেট আমাদের এই আদি 'আর, এস, এস, মেন সেটে'র সমকক্ষ হইতে পারে নাই। 'আর, এস, এস, মেন সেট' সুদক্ষ ও দীর্ঘকালের অভিজ্ঞতা সম্পন্ন ইঞ্জিনিয়ার দ্বারা জগতের সর্ব্বোৎকৃষ্ট **components** দিয়া তৈয়ারী হয়।

**OUTDOOR AERIAL MODEL**

এই সেটের জন্য ছাদের উপর এরিয়াল খাটাইতে হয়।

লাউডস্পীকার, এরিয়াল, তার ইত্যাদি সহ দাম—১২৫৲ টাকা।

**FRAME AERIAL MODEL**

ইহার জন্য ছাদের এরিয়্যালে প্রয়োজন নাই।

লাউডস্পীকার, ফ্রেম, এরিয়্যাল ইত্যাদি সহ দাম ১৭৫৲ টাকা।

অন্য মেন সেট কিনিবার পূর্ব্বে 'আর, এস. এস,<br>মেন সেট' শুনিয়া যান—অথবা বাড়ীতে<br>শুনাইবার জন্য পত্র লিখুন।

## রেডিও সাপ্লাই ষ্টোরস

ভারতের সর্ব্বাপেক্ষা আদি ও প্রধান রেডিও সেট ও সরঞ্জাম বিক্রেতা

৯নং ডালহাউসী স্কোয়ার, কলিকাতা


Printed and Published by S, C. Bhoumik, at the Kantik Press, 44, Kailash Bose Street, Calcutta, Edited by N, Mozoomder. 1, Garstin Place, Calcutta.